মেয়েদের স্নানের পথে গল্প-গুজব, রাত্রের রাউণ্ড শেষে ঘুসখোর পুলিশ-দারোগার পকেট বোঝাই করে ঘরে ফেরা, এক-একটি করে দোকানপাট খুলে যাওয়া, ছুটির দিনে সরকারী কর্মচারী বাদে অন্যান্য অনেক বৃত্তিধারী মানুষ—যেমন জাহাজঘাটার কর্মীরা, কাপড়ের ফেরিওয়ালা, মাছ-তরিতরকারি, কিম্বা অন্যান্য খুচরো ব্যবসায়ীদের সঙ্গে সুযোগসন্ধানী দালালদেরও পথে দেখা যাচ্ছে। বাংলা কাগজের তেমন দাম নেই কিন্তু ইংরেজি খবরের কাগজ আসছে ঘরে-ঘরে, লক্ষণীয়। আলোচ্য অংশটিতে পয়সা ওড়ানো 'বাবু', আইনরক্ষক পুলিশ দারোগা, ডাক্তার, পূজারী, ধর্মপ্রচারক, মর্ণিং ওয়াকে যাওয়া লোকজন, তখনকার শ্রেণীকরণ অনুযায়ী 'উঁচু' এবং 'নিচু' জাত, দালাল প্রমুখদের প্রতি কৌতুককর মন্তব্য আছে। আসলে ঠাট্টা নেই—এমন কোনো অংশই এখানে নেই। নকশার এই রীতি। হাসির মোড়কে চোখে আঙুল দিয়ে সমাজের অসঙ্গতিগুলোকে তুলে ধরা। সেখানে 'হুতোম' নিজেকেও রেয়াৎ করেননি। রাত্রের অনাচারের চিহ্ন ছড়িয়ে আছে শহরময়। কলকাতা শহরের বেশ্যালয়গুলি যে তখনও পরিচিত দৃশ্যের মধ্যেই গণ্য হত, তা জানা যাচ্ছে। গ্রামীন লোকেরা ভাগ্যের সন্ধানে, মামলা-মোকদ্দমার তদ্বির করতে বা শহরের কেতা দেখতে নানা সময়ে শহরে চলে আসছে। শহরে এসে এই সব সহজ সরল মানুষ ঠকছে, দালালের পাল্লায় পড়ে সর্বস্বান্ত হচ্ছে —সে ছবি এই অংশে দেখতে পাওয়া যাবে। কেউ বা বেলেল্লাপনা করে পালিয়ে বাঁচছে। গ্রামগঞ্জ থেকে অনেক সময় পয়সাওয়ালা অথচ অজ্ঞ জমিদাররা কলকাতায় এসে সাজগোজ করে পয়সার অহঙ্কার দেখিয়ে বেড়াতো। ফলে দালালের সুবিধা হত। দালাল পয়সা নিয়ে তাদের ফিটন গাড়ি চড়িয়ে শহরের বিখ্যাত জায়গাগুলো দেখিয়ে নিয়ে বেড়াতো। সঙ্গে খ্যামটা নাচ, বারাঙ্গনা-বিহারের মতো মনোরঞ্জনের নানা নেশা ধরিয়ে দিয়ে এদের নিঃস্ব করে ছেড়ে দিত।

কালীপ্রসন্নের কৌতুক সর্বস্তরের সমস্ত মানুষকে নিয়ে। তখন নতুন ইংরেজিয়ানার যুগ। বাঙালিরা অনেকেই ইংরাজি আদবকায়দা অনুকরণ করে নিজেদের আধুনিক প্রমাণ করার চেষ্টা করতেন। আবার অন্য এক দল এঁদের নিন্দা-সমালোচনা করে বেড়াতেন। লেখকের মতে, ইংরাজি আদবকায়দা জানা বাঙালিরা তখন দুই দলে বিভক্ত। প্রথম দলকে তিনি নাম দিয়েছেন, 'উঁচুকেতা সাহেবের গোবরের বস্ট'। অর্থাৎ সাহেবদের অনুকরণ করতেন এত বেশি যে নিজস্বতা বলতে কিছুই আর বাকি ছিল না। দ্বিতীয় দলকে তিনি বলছেন, 'ফিরিঙ্গির জঘন্য প্রতিরূপ'। এঁরা স্বার্থপর, স্বনাম প্রচারের জন্য দেশের কাজ করেন। নিজেদের কেতাদুরস্ত করার জন্য এই শ্রেণীর বাঙালির অনুকরণপ্রিয়তা ছিল অতিমাত্রায় হাস্যকর। লেখক এই দুই দলের অসঙ্গতিগুলি নিয়েই মস্করা করেছেন।

চড়ক পার্ব্বণের বিশেষ দিনটির কথায় আমরা অংশটি শেষ করেছি। ধর্মান্তরিত ব্রাহ্মদের উৎসব, সংস্কৃত মন্ত্রপাঠ নিয়েও লেখক পরিহাস করেছেন।, চড়কের গাছ তৈরি, কাঁসারিদের সঙ, ফ্যাশনের হালহকিকৎ বর্ণনা এখানে আছে। এক ভিন্নস্বাদের ভাষাশৈলী দিয়ে অধ্যায়টি সাজিয়ে তোলা হয়েছে।

অত্যন্ত মনোগ্রাহী ভাষার হালকা চালে চলে কালীপ্রসন্ন যেন সমগ্র উনিশ শতকের পরিবর্তনশীল বাঙলাকে চলচ্ছবির মতো(ভিডিও) আমাদের চোখের সামনে দিয়ে ঘুরিয়ে নিয়ে চলেছেন। সঙ্গে-সঙ্গে শহর কলকাতার শিক্ষিত-অশিক্ষিত মানুষের চিন্তাধারা ও জীবনযাপনের একটি মনোরম ব্যঙ্গচিত্র রচনা করে চলেছেন।

অনুশীলনী

এবার নিচে দেওয়া প্রশ্নগুলি পড়ুন এবং উপরের পাঠটি অনুসারে উত্তর করুন। পরে, অনুশীলনী অংশের শেষে দেওয়া উত্তর সংকেতের সঙ্গে মিলিয়ে নিন।

১)নিচের প্রশ্নগুলির চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরে (✓) টিক চিহ্ন দিন।

ক)প্রথম অনুচ্ছেদে বর্ণনা দেওয়া হয়েছে

চড়কের দিনটির ☐

নীলপুজোর রাত্রির ☐

শীতল ষষ্ঠীর সকালের ☐

দুর্গাপুজোর দিনটির ☐

খ) ফুরফুরে হাওয়ার সঙ্গে কোন ফুলের গন্ধ ভেসে আসছে?

জুঁই ☐

মালতী ☐

পদ্ম ☐

বেল ☐

গ) মটন চাপ নিয়ে যাচ্ছে—

বাগবাজারের কসাইরা ☐

নদীয়ার মেছুনির দল ☐

ignou THE PEOPLE'S UNIVERSITY

চিৎপুরের কসাইরা ☐

ভদ্রেশ্বরের মাংসবিক্রেতারা ☐

ঘ) যে নাচের তালিম হচ্ছে বলা হয়েছে—

খেমটা নাচ ☐

বাঈ নাচ ☐

ঝুমুর নাচ ☐

ছৌ নাচ ☐

ঙ) গন্ধ বেণেদের ব্যবসা হয়—

পিতলের ☐

লোহার ☐

তামার ☐

সোনার ☐

চ) যে ঘড়িতে টুং ঢং টাং ঢং করে রাত চারটে বেজে গেল—

গির্জ্জার ঘড়িতে ☐

রাস্তার ঘড়ি ☐

ignou
THE PEOPLE'S
UNIVERSITY

বৈঠকখানার ঘড়ি

থানার ঘড়ি

ছ) পুলিশের সার্জন, দারোগা, জমাদারকে বলা হয়েছে

অমাবস্যার চাঁদ

ডুমুরের ফুল

গরিবের যম

বিলিতি

জ) আধবুড়ো বাতের রুগিরা কী করছেন?

সূর্য নমস্কার

মর্ণিং ওয়াক

ইভনিং ওয়াক

গঙ্গাস্নান

ঝ) হরকরা একটি--

ইংরাজি দৈনিক সংবাদপত্র

মাসিক সংবাদপত্র ☐

বাংলা দৈনিক সংবাদপত্র ☐

ইংরাজি মাসিকপত্রিকা ☐

ঞ) পাগড়ি বাঁধা দলের প্রথম ইন্সটলমেন্টে রাস্তায় দেখা দিলেন—

সিপসরকার আর বুকিং ক্লার্ক ☐

পরামাণিক ও রিপুকর্ম ☐

ক্লার্ক ও কেরাণী ☐

বুককিপার ও হেড রাইটার ☐

২) উপরের অনুচ্ছেদটি পড়ে শূন্যস্থানগুলি পূর্ণ করুন।

ক) আজ কাল____________লেখাপড়ার আধিক্যে অনেকে নানা রকম বেশ ধরে আফিসে যান।

খ) ______________ প্রায় উঠে গেল।

গ) ______________ কাজটা ভালো, "নেপোয় মারে দইএর" মতন।

ঘ) কেউ ______________________ অনুরোধে চড়ক হেট করেন।

ঙ) অনেকে চড়ক,_______________ , তরওয়ালফোঁড়া দেখতে ভালবাসেন।

চ) অনেক পাড়াগেঁয়ে ______________ ও রাজারা মধ্যে মধ্যে মধ্যে কলিকাতায় পদার্পণ করে থাকেন।

ছ) মোৎফরেক্কার তদ্বির করতে হলে _________________ বাসার ঠিকানা হয়।

জ) কেউ কেউ ব্রাহ্ম হলেও "সাত পুরুষের_______________" বলেই চড়কে আমোদ করেন।

ঝ) _______________ বারাণ্ডা ইয়ার গোচের ভদ্রলোকে পরিপূর্ণ।

ঞ) কোনো ব্রাহ্ম উপাচার্য্য ______________________যাবার প্রায়শ্চিত্ত উপলক্ষে গোবর খেয়েছিলেন।

৩) রেখাঙ্কিত বা চিহ্নিত অক্ষরের শব্দ বা পদগুচ্ছের বদলে অনুচ্ছেদ থেকে বেছে উপযুক্ত শব্দ বা পদগুচ্ছ বা সমার্থক বাগধারা লিখুন।

ক) দোকানে দোকানে **দেওয়াল-লন্ঠন** ঝুলছে।

খ) লোকে **অবাক হয়ে** খেমটা নাচ দেখছে।

গ) চৌমাথার চৌকিদারদের **ভারি মজা**!

ঘ) রাত ভোর হয়ে এলে শহরের **সারা রাত বাইরে থাকা বাবুরা** ঘরে ফিরলেন।

ঙ) পুলিশ, দারোগা প্রভৃতি রাত্রির **রাউণ্ড** শেষে ঘরে ফিরছেন।

চ) অনেকের আদায় মনের মতো না হওয়াতে গোটা শহরের উপর রাগে তাঁর **গা জ্বলছে।**

ছ) শহুরে কবিরাজরা আবার ডাক্তারদের চেয়েও **রসিক!**

জ) পাড়াগাঁয়ের জমিদারদের মুক্তোর মালা পরা চেহারা যেন **ব্যক্তিত্বহীন**!

ঝ) সহরের বাবুরা অবস্থাগত ফ্রেণ্ড,ভদ্র লোক, বা **তোষামুদে স্তাবক** সঙ্গে নিয়ে বেড়াতে বেরুলেন।

৪) সঠিক অর্থটি বেছে লিখুন—

ক) বাণ-- লৌহ শলাকা, ত্রিশূল, তরওয়াল ________________

খ) মোদা গাড়ী-- মোটা গাড়ি, মহিলা, মদে ভরা গাড়ি ________________

গ) বোকো (এখান)-- ফুলের বোকে, সুগন্ধী, বোকা ________________

ঘ) মেয়ে পাঁচালি -- মেয়েদের গানের দল, মেয়েদের গল্প, পাঁচালি ________________

ঙ)কোরকাপ-- ছল-কপটতা, নিন্দামন্দ, গালিগালাজ ________________

চ) রোঁদ-- রোদ, রান্না, টহল ____________________

ছ) ক্যাটি কৃষ্ট-- কৃষ্ণের কথা বলে যে, খৃষ্টের মাহাত্ম্য বর্ণনা করে যে, পাদরী সাহেব ______________________________

জ) নম্বরওয়ারী –- নম্বর অনুযায়ী, নম্বরজাতীয়, নম্বর ______________________

ঝ) গোবরের বস্ট –- গোবরের স্তূপ, গোবরের ছড়া, গোবরের মূর্তি ____________________

১.৫.৭ নির্বাচিত পাঠ্যতালিকা

১) হুতোম প্যাঁচার নকশা- সম্পাদক- অরুণ নাগ

২) বাংলার সামাজিক ইতিহাস-বিনয় ঘোষ

১.৫.৮ উত্তর সংকেত

১) ক) নীলপুজোর রাত্রির খ)বেল গ)চিৎপুরের কসাইরা ঘ)খেমটা নাচ ঙ)সোনার চ)গির্জ্জার ঘড়িতে ছ)গরিবের যম জ) মর্ণিং ওয়াক ঝ)ইংরাজি দৈনিক সংবাদপত্র ঞ)সিপসরকার আর বুকিং ক্লার্ক

২) ক) ইংরাজি খ)পাগড়ি গ)দালালি ঘ)সিভিলিজেশনের ঙ)বাণফোঁড়া চ) জমিদার ছ)ভবানীপুরেই জ)ক্রিয়াকাণ্ড ঝ)বেশ্যালয়ের ঞ) বিধবাবিবাহে

৩) ক) দেওয়াল গীরি খ)হাঁ করে গ)পোহা বারো ঘ)বারফট্কা ঙ)রোঁদ চ) গা গস্ গস্ কচ্চে ছ)এক কাটি সরেশ জ) বাঈজানের ভেড়ুয়া ঝ) মোসাহেব

৪) ক) লৌহ শলাকা খ) মদে ভরা গাড়ি গ)সুগন্ধী ঘ) মেয়েদের গানের দল ঙ) ছল-কপটতা চ) টহল ছ) খৃষ্টের মাহাত্ম্য বর্ণনা করে যে